# (Reform Initiative Implementation Action Plan - RIIAP)

"Improving Governance Performance through Introducing Voter Registration and Education Unit; -
Piloting in Chhatak Sadar Union, Chhatak, Sunamganj".

- উদ্যোগী কর্মকর্তার নাম : সুব্রত দাস
- পদবি : উপজেলা নির্বাচন কর্মকর্তা
- কর্মস্থল : উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ।

# ১. গভর্নেন্স সমস্যার বর্ণনা (Problem Identification)
## (সমস্যার কারণ ও ফলাফল উল্লেখ করুন)

ক) উপজেলায় একটি নির্বাচন অফিস হওয়ায় গ্রাম পর্যায়ে তথা ইউনিয়ন পর্যায়ে কোন প্রতিনিধি থাকে না, ফলে গ্রামের জনগণ দূরত্ব বিবেচনায় অফিসে আসতে চায়না এবং সঠিক ধারণা পায়না।

খ) গ্রাম পর্যায়ে প্রতিনিধি বা দল না থাকায় ভোটাধিকার, নির্বাচনী ব্যবস্থা ও নির্বাচন সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে কোন প্রকারের ভোটার এডুকেশন বা সচেতনতা মাঠপর্যায়ে হয়না। ফলে অন্তর্ভূক্তিমূলক ও নিরপেক্ষ নির্বাচনে জনসম্পৃক্ততা দেখা যায়না এবং জনগণের অভিব্যক্তি ও প্রত্যাশা কমিশনে প্রাতিষ্ঠানিকভাবে জানানো যায়না।

গ) এনআইডি সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে গ্রাম পর্যায়ে পরামর্শক ও টিম না থাকায় আশেপাশের যেকোন মাধ্যম হতে অতিরিক্ত অর্থের বিনিময়ে এবং অসম্পূর্ণ ডকুমেন্টেশনের মাধ্যমে আবেদন করেন যা পরবর্তীতে হয়রানিমূলক হয়। ফলে ভোটার হালনাগাদ, সংশোধন, স্থানান্তরসহ যাবতীয় কাজ সঠিকভাবে গ্রাম পর্যায়ে সেবাগ্রহীতাদের মাঝে সহজে সেবাদান সম্ভব হচ্ছে না।

# ২. সংস্কার উদ্যোগের বর্ণনা (Wayout & Result)

## (পাইলটিং বিবেচনায় নিয়ে সমস্যা সমাধানের উপায় ও ফলাফল উল্লেখ করুন)

**একশন প্লান**

১। ইউনিয়নভিত্তিক কম্পিউটার/অনলাইন ও জনসংযোগে দক্ষ ২ জন লোক অস্থায়ী কিন্তু জবাবদিহিমূলক নিয়োগ দেওয়া যাদের নিয়ে উপজেলা নির্বাচন কর্মকর্তার অধীনে ভোটার রেজিস্ট্রেশন ইউনিট গঠন করা।

২। উক্ত টিম নির্ধারিত একটি ফি এর বিনিময়ে এনআইডির বিভিন্ন আবেদন সম্পাদন করতে সহায়তা করবেন যথাযথ ডকুমেন্টেশন পরামর্শ এবং অনলাইন সেবা দিয়ে।

৩। নতুন ভোটার ও হালনাগাদের ক্ষেত্রে ইউনিয়নভিত্তিক নির্দিষ্ট দিনে রেজিস্ট্রেশন ইউনিট সব আবেদনের প্রস্তুতিশেষে ইউনিয়নের নির্ধারিত স্থানে রেজিস্ট্রেশন অফিসার ছবি তোলার ব্যবস্থাসহ প্রস্তুতি নিয়ে মাঠপর্যায়েই ভোটার করবেন এবং গণশুনানির ব্যবস্থা করবেন।

৪। রেজিস্ট্রেশন টিমের সার্বিক তদারকি ও কাজের গতিবিধি রাখতে এপ্স/সাইট ব্যবহার করা যাতে সেবাগ্রহীতাদের মতামতও থাকবে এবং সেবাগ্রহীতার সংখ্যা সম্পর্কেও ধারণা পাওয়া যাবে।

৫। পাইলট প্রজেক্ট এর সক্ষমতা সম্পর্কে গ্রাম পর্যায়ে জনগণ হতে ফিডব্যাক নেওয়া।

# ৩. সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

(ক) পাইলট সংস্কার উদ্যোগের শিরোনাম:

"Improving Governance Performance through Introducing Voter Registration Unit; Piloting in Chhatak Sadar Union, Chhatak, Sunamganj".

(খ) কোন্ প্রতিষ্ঠান উদ্যোগটি বাস্তবায়ন করবে? উপজেলা নির্বাচন অফিস ,বাংলাদেশ নির্বাচন কমিশন

(গ) কোথায় পাইলটিং হবে? ছাতক সদর ইউনিয়ন, ছাতক, সুনামগঞ্জ ।

পাইলটিং বিবেচনার যৌক্তিকতা কী?

১) ছাতক সদর ইউনিয়ন একটি ছোট ইউনিয়ন, ফলে জনসংখ্যা কম এবং উপজেলার পার্শ্ববর্তী হওয়ায় ইউনিয়নভিত্তিক পাইলটিং এর জন্য বিবেচিত।

(ঘ) পাইলটিং কখন শুরু এবং কখন সমাপ্ত হবে? ১ জুলাই ২০২৫ - ৩০ সেপ্টেম্বর ২০২৫

(ঙ) পাইলটিং এর ফলে কতজন ব্যক্তির কী উপকার হবে এবং কী পরিমাণ অর্থের সাশ্রয় হবে?

১) ৩ মাসের পাইলটিং সময়কালে ২৫০ জন এনআইডি সেবা এবং ইউনিয়নের সকল জনগণের ভোটার এডুকেশন বৃদ্ধি। আবেদনকারীগণ বাইরের দোকানগুলো হতে প্রতারিত ও হয়রানি হওয়া থেকে রক্ষা পাবে কারণ টিমের তারা সেবা দিবেন এবং তারা জবাবদিহিতার মধ্যে থাকবেন। ভোটার এডুকেশন গ্রাম পর্যায়ে সময়ে সময়ে করার কারণে মাঠ পর্যায়ে নির্বাচন কমিশনের নির্বাচন সংক্রান্ত তথ্যাদি প্রচার করা যাবে এবং গ্রাম পর্যায়ের জনগণের অভিব্যক্তি ও প্রত্যাশা কমিশনে প্রাতিষ্ঠানিকভাবে জানানো যাবে।

২) হালনাগাদ প্রায় মাঠ পর্যায়ে হওয়ায় কেন্দ্রীয়ভাবে প্রতিবছর হালনাগাদের প্রয়োজন পরবে না ফলে প্রত্যক্ষভাবে ব্যয় কমবে এবং পরোক্ষভাবে ব্যক্তির সাথে নির্বাচন কমিশনের সমন্বয় ও আন্তসম্পর্ক বৃদ্ধি পাবে যা অমূল্য।

# ৪. পাইলট বাস্তবায়নের সাথে কারা-কারা সম্পৃক্ত হবেন এবং তাদেরকে কীভাবে কাজে লাগানো যাবে? (Stakeholder Analysis & their Management)

| Stakeholders | Needs and Expectations | Remarks |
|---|---|---|
| উপজেলা নির্বাচন কর্মকর্তা ও অফিস | প্রজেক্টের উদ্দেশ্য টিম গঠন, টিমকে জানানো এবং কিভাবে তা মাঠপর্যায়ে প্রয়োগ করতে হবে এবং প্রজেক্ট কীভাবে সফল হবে তার সম্পর্কে ট্রেনিং ও কর্মশালা আয়োজন এবং মাঠ পর্যায়ে কার্যক্রম শুরু করা। | |
| আইটি কনসালটেন্ট, অফিসের অপারেটর | এপ্স ডেভেলপমেন্ট ও পরিচালনা, টেকনিক্যাল সাপোর্ট ব্যবস্থাপনা এবং রেজিস্ট্রেশন ইউনিটকে সার্বিক সহযোগিতা করা। সেক্ষেত্রে উপজেলা আইসিটি অফিসাররের সহায়তা নেওয়া যেতে পারে। | |
| প্রজেক্ট পরামর্শক, জেলা ও আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ও নির্বাচন কমিশন | প্রজেক্ট চলাকালে এবং পরবর্তীতে প্রজেক্টের সার্বিক ব্যবস্থাপনা, অবস্থা, সফলতা ও সীমাবদ্ধতা এবং মাঠ পর্যায়ে এটির স্বার্থকতা ইত্যাদি পর্যবেক্ষণ করবেন রিভিউ, পরিসংখ্যান তথ্যাদির মাধ্যমে। | |
| ভোটার রেজিস্ট্রেশন এন্ড এডুকেশন ইউনিট | এন আইডি সেবা ও ভোটার এডুকেশন পরিচালনা করা এবং তাদের এপ্স/অনলাইন ও প্রত্যক্ষভাবে তদারকি করা। | |
| জনগণ ও সেবাগ্রহীতা | মতামত, রিভিউ এপ্স/অনলাইনে এবং প্রত্যক্ষভাবে দিবেন এবং প্রজেক্টের মূল লক্ষ্যের বেপারে অবগত হয়ে সফলতা ভোগ করবেন। | |
| বাংলাদেশ নির্বাচন কমিশন ও সংশ্লিষ্ট সহায়ক প্রতিষ্ঠান | প্রজেক্ট সক্ষমতা যাচাই ও এপ্রুভাল। | |

# ৫. পাইলট সংস্কার বাস্তবায়নে বিভিন্ন ধরণের রিসোর্স কীভাবে কী প্রয়োজনে কাজে লাগানো হবে? (Resource Mobilization)

| Sl. No. | Resources | Mobilization/Use/Expected Support |
|---|---|---|
| 1. | উপজেলা নির্বাচন অফিস | সামগ্রিক তদারকি, প্রশিক্ষণ, যান্ত্রিক সহায়তা ও পরামর্শক। |
| 2. | অনলাইন কনসাল্টেন্ট | অনলাইন সিস্টেম প্রস্তুত, স্থানান্তর এবং সমস্যা সমাধান |
| 3 | বাংলাদেশ নির্বাচন কমিশন এবং অন্যান্য দাতাসংস্থা | প্রশাসনিক এবং আর্থিক সহায়তা |
| 4. | স্থানীয় সরকার, উপজেলা পরিষদ ও অন্যান্য সরকারি-বেসরকারি অফিস | প্রশাসনিক ও পারস্পরিক সহযোগিতা |
| 6. | সেবাগ্রহীতা, অভিজ্ঞ, সাংবাদিক, সুশীল সমাজ, ধর্মগুরু এবং অন্যান্য | প্রচারণা, অংশগ্রহণমূলক, সঠিকতা যাচাই ও ফিডব্যাক। |

# ৬. সংস্কার উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম (Details of Activities)

| Sl. No. | Activities | Responsibility | Duratio n | Rema rks |
|---|---|---|---|---|
| 1. | Meeting and discussion between the Upazila Election Office, Voter Registration and Education Unit, EC Higher Authority, Upazila other officials, Representatives | Upazila Election Office | 1 week | |
| 2 | Application for Online consultant Team | Application or Online platform initializing | 2 weeks | |
| 3. | Review and Analyze the Responsibilities of the Project Management Team, Tasks and Duties, and Reporting & Time Schedule of Voter registration and Education Team | Project Management Team As Upazila Election Office and Higher Authorities | | |
| 4. | Prepare Outline, Chapter, Package, Annexure and other contents of the Guideline and training module implication. | Upazila Election Officer, Project Consultant and TrainingTeam. | 1 week | |
| 5. | Voter Registration and Education Unit | Implications of idea | 3 month | |
| 6. | Provide Administrative, Technical and Financial Support for drafting a Standard Guideline for Implications of project | EC and other donators | Full Time | |
| 7. | Review, Feedback and Comments for improvement, comprehensiveness and ease of implementation | Project Management Team, Team Leader of MPCT, PDs of similar Projects, Relevant Professionals and Academicians | 2 weeks | |

# ৭. পাইলট সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া, এর বন্ধ হওয়া রোধ করা, অভীষ্ট গ্রুপের নিকট এটিকে জনপ্রিয় করা, মনিটরিং কার্যক্রম এবং এর রেপ্লিকেট/রোলিং আউটসহ টেকসইকরণ বিষয়ে কী-কী কৌশল গ্রহণ করা হবে? (Sustainability Strategies)

Sustainability Strategies:

- The Guideline should be Simple but Comprehensive
- It should be useful for all the major Stakeholders
- Regular meeting can be arranged on Project Implementation Monitoring among the major Stakeholders and Service Recipient.
- There should be a mechanism for regular updating, if necessary
- A Dashboard can be prepared for instant monitoring of the Project Status

# প্রজেক্টের চ্যালেঞ্জ ও বাধাসমূহ ও সমাধানসমূহ

- অবকাঠামোগত সীমাবদ্ধতা, ইউনিয়ন পর্যায়ে অফিসের ব্যবস্থা নির্বাচন কমিশনের জন্য বরাদ্দ নেই, তবে ইউনিয়ন পরিষদে বিভিন্ন দপ্তরের জন্য আলাদা রুমের ব্যবস্থা আছে, সেখানে  ব্যবস্থা করা যেতে পারে।অথবা কমিশন কর্তৃক সিদ্ধান্তে নিজ উদ্যোগে ব্যবস্থা করা যেতে পারে।
- দুর্নীতিতে জড়িয়ে পরার সম্ভবনা,  যেহেতু মাঠ পর্যায়ে তাদের কাজ তাই সম্ভবা থাকতে পারে, তবে যেহেতু পুরো বিষয়টি একটি এপ্স/অনলাইনেও তদারকি হবে এবং সেবাগ্রহীতাতের অনলাইন ও অফলাইন রেজিস্ট্রারভিত্তিক ফিড ব্যাক নেওয়ার ব্যবস্থা থাকবে। তাছাড়া সিটিজেন চার্টার প্রদর্শনসহ কোন ক্ষেত্রে কত ফি তা সবকিছুতে নির্ধারিত থাকবে।  তাছাড়া নিয়োগের ক্ষেত্রে শর্তাবলি নির্দিষ্টভাবে উল্লেখ থাকবে এবং শাস্তির বিধানও থাকবে স্বাভাবিক নিয়মে।
- গোষ্ঠীবদ্ধ ও সামাজিক চাপ,  যেহেতু এতে কিছু ব্যক্তি-গোষ্ঠীর অর্থনৈতিক সমস্যা হবে তাই চাপ থাকতে পারে, তবে এলাকাবাসীর সেবাস্বার্থে রাজনৈতিক, সুশীল সমাজ ও সকল স্টেকহোল্ডারগণের পরামর্শ ও সুপারিশ থাকায় এবং সর্বোপরি নির্বাচন কমিশনের অথোরাইজেশন থাকায় এটি একটি প্রাতিষ্ঠানিক কাঠামো পাবে যা এ ধরনের চাপ থেকে বিরত থাকবে।
- অর্থ ও সময় ব্যবস্থাপনার সীমাবদ্ধতা,  মাঠপর্যাযে রেজিষ্ট্রেশন যন্ত্রপাতি পরিবহন এবং অফিসারের ইউনিয়নভিত্তিক কর্মপরিকল্পনা অগ্রিম করে নিতে হবে যেন সমস্যার সীমিতকরণ হয়।

সবাইকে অসংখ্য ধন্যবাদ